দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ৭৬/২০২৫ তারিখ : ০৪/১১/২০২৫ খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## কন্টেইনার অন-চ্যাসিস ডেলিভারী সংক্রান্ত

## জরুরী দৃষ্টি আকর্ষণ

সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানিকৃত কন্টেইনার অন-চ্যাসিস ডেলিভারী গ্রহণের সুবিধার্থে আমদানিকারক, সিএন্ডএফ এজেন্ট এবং চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের মাধ্যমে যৌথ অঙ্গীকারনামা প্রদান ব্যবস্থা অত্র এসোসিয়েশনের প্রচেষ্টায় প্রচলন করা হয়েছে। যৌথ অঙ্গীকারনামার শর্তানুযায়ী সিএন্ডএফ এজেন্ট আমদানিকারকের পক্ষে কন্টেইনার অন-চ্যাসিস ডেলিভারী নেওয়ার পর খালি কন্টেইনার যথাসময়ে ফেরত প্রদান পূর্বক শিপিং এজেন্টের ন্যায্য পাওনা পরিশোধ করে অঙ্গীকারনামা প্রত্যাহার করবেন।

কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, **কিছু সদস্য সিএন্ডএফ এজেন্ট শিপিং এজেন্টের বকেয়া চার্জ পরিশোধ করছেন না এবং প্রদত্ত অঙ্গীকারনামা যথাসময়ে ফেরত নিচ্ছেন না।** এ ধরণের কর্মকান্ড অঙ্গীকারনামার শর্তের পরিপন্থী। এতে অত্র এসোসিয়েশনের ভাবমুর্তি ক্ষুণ হচ্ছে এবং যৌথ অঙ্গীকারনামা ব্যবস্থাকে প্রশ্নবিদ্ধ করছে।

এমতাবস্থায়, **কন্টেইনার অন-চ্যাসিস ডেলিভারীর বিপরীতে শিপিং এজেন্টকে প্রদত্ত যৌথ অঙ্গীকারনামা যথাসময়ে প্রত্যাহার করার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের পক্ষে যৌথ অঙ্গীকারনামায় স্বাক্ষর প্রদান হতে অত্র এসোসিয়েশন বিরত থাকবে এবং অন-চ্যাসিস ডেলিভারী সংক্রান্ত কোনো জটিলতা সৃষ্টি হলে, তার দায়ভার এসোসিয়েশন বহন করবে না।**

উবায়দুল হক আলমগীর
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক